05

দৈনিক বাংলা

তারিখ 28 SEP 1992
পৃষ্ঠা ৭ কলাম ৮

৯০-৯১ শিক্ষাবর্ষের ক্লাস শুরু

# বুয়েটে কোর্স পদ্ধতি চালু

বুয়েট রিপোর্টার ঃ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর মোঃ শাহজাহান বলেন, শিক্ষা প্রতিষ্ঠানে সেশনজটসহ অন্যান্য সমস্যাবলী দূর করার জন্য ছাত্র-ছাত্রীদের রাজনৈতিক দলসমূহের লেজুরবৃত্তি করা থেকে বিরত থাকতে হবে। তিনি ছাত্র-ছাত্রীদের সুষ্ঠু

(৭-এর পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## বুয়েটে কোর্স

(প্রথম পৃষ্ঠার পর)

রাজনীতির ধারায় ফিরে আসার আহ্বান জানান। প্রফেসর শাহজাহান রোববার বুয়েটের ৯০-৯১ শিক্ষাবর্ষের নবীন ছাত্র-ছাত্রীদের উদ্দেশে ভাষণ দিচ্ছিলেন। উল্লেখ্য, রোববার থেকে এই ছাত্র-ছাত্রীদের ক্লাস শুরু হয়েছে। প্রফেসর শহাজাহান নতুন ছাত্র-ছাত্রীদের জন্য কোর্স পদ্ধতি চালু করার কথা ঘোষণা করেন। অডিটোরিয়াম ভর্তি ৯০-৯১ সেশনের ১ম বর্ষের ছাত্র-ছাত্রীরা করতালির মাধ্যমে ভিসির এই ঘোষণাকে স্বাগত জানায়। এই নতুন ব্যবস্থাধীনে শিক্ষাব্যবস্থাকে আরও ব্যবহারিক ও বাস্তবমুখী করার পাশাপাশি ছাত্র-ছাত্রীদের সাপ্তাহিক মোট কন্টাক্ট আওয়ার কমিয়ে আনা হচ্ছে। সাথে সাথে কিছু প্রফেশনাল কোর্সও চালু করা হচ্ছে। নতুন প্রবর্তিত এই পদ্ধতিতে একজন ছাত্র বা ছাত্রী সর্বনিম্ন সাড়ে তিন বছরে শিক্ষা সমাপন করতে পারবে। প্রথম বর্ষের ছাত্রদের উদ্দেশে দেয়া বক্তৃতায় ভিসি শাহজাহান বলেন, পাস করার পর ছাত্র-ছাত্রীরা যাতে চাকরি পায় সেজন্য বুয়েট হতে ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি বলেন, এ ব্যাপারে সরকার ও দেশী-বিদেশী প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ করা হবে।

বিভিন্ন অনুষদের ডীনদের পক্ষ থেকে নবীন ছাত্র-ছাত্রীদের উদ্দেশে বক্তব্য রাখেন যন্ত্রকৌশল অনুষদের ডীন ডঃ মোঃ আবু তাহের আলী। তিনি বলেন, একজন প্রকৌশলী তৈরিতে সরকারকে প্রচুর খরচ করতে হয়। আর সেটা দেশের কোটিপতিদের পকেট হতে আসে না। তিনি ছাত্রদের বলেন, দরিদ্র মানুষের দেয়া ট্যাক্সের পয়সায় তাদের পড়াশোনা হয়। তাই সেশনজট আর না বাড়িয়ে তা কমানোর ব্যাপারে সজাগ থাকার জন্য ছাত্রদের তিনি পরামর্শ দেন। এছাড়া নতুন ছাত্রদের উদ্দেশে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ছাত্রকল্যাণ পরিচালক ডঃ এস এম নজরুল ইসলাম।

### ২য় বর্ষের ছাত্ররাও কোর্স পদ্ধতি চায়

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের প্রচলিত শিক্ষাপদ্ধতি পরিবর্তন করে যে কোর্স পদ্ধতি চালু করা হয়েছে তা শুধুমাত্র ৯০-৯১ সেশনের প্রথম বর্ষের ছাত্র-ছাত্রীদের জন্য প্রযোজ্য হবে। তবে এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা হলে জানানো হয়, অধ্যয়নরত ছাত্র-ছাত্রীরা যদি চায় তাহলে নতুন পদ্ধতি অন্যান্য বর্ষের ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রেও প্রয়োগ করার কথা বিবেচনা করা হবে। এই প্রেক্ষিতে রোববার বুয়েট ক্যাফেটরিয়ার সামনে বিশ্ববিদ্যালয়ের ২য় বর্ষের বিভিন্ন বিভাগের ক্লাস-প্রতিনিধিরা এক সভায় মিলিত হয়। সভায় উপস্থিত সকল প্রতিনিধি ২য় বর্ষের ছাত্র-ছাত্রীদের জন্যও কোর্স পদ্ধতি চালু করার ব্যাপারে কর্তৃপক্ষের কাছে আবেদন জানানোর সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ ব্যাপারে তারা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের কাছে একটি স্মারকলিপি প্রদান করবে। এছাড়া তৃতীয় ও চতুর্থ বর্ষের ছাত্র-ছাত্রীদের মধ্যেও নতুন কোর্স পদ্ধতির ব্যাপারে আগ্রহ লক্ষ্য করা যাচ্ছে। আলাপ-আলোচনার মাধ্যমে শীঘ্রই তারা এ ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করবে বলে জানা গেছে।